আজকের কাগজ

৩।

তারিখ 15 SEP 1993
পৃষ্ঠা ২ কলাম ২

# আট মাস যাবত শিক্ষাঙ্গনে সন্ত্রাস সম্পর্কিত কমিটির বৈঠক হচ্ছে না

আলতাফ পারভেজ ঃ গত নয় মাস ধরে শিক্ষাঙ্গনে সন্ত্রাস সম্পর্কিত বিশেষ সংসদীয় কমিটির কোনো বৈঠক বসছে না। '৯১-এর ১৫ অক্টোবর শিক্ষাঙ্গনে সন্ত্রাস সম্পর্কিত পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে ১৫ জন সংসদ সদস্যের সমন্বয়ে এই বিশেষ কমিটি গঠিত হয়েছিলো।

গঠনের পর '৯১-এর ১৮ অক্টোবর এই কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। এরপর থেকে '৯২-এর ১২ ডিসেম্বর পর্যন্ত আলোচ্য কমিটির সর্বমোট ১২টি বৈঠক অনুষ্ঠিত হয়। এসব বৈঠকে বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্য, শিক্ষক সমিতির প্রতিনিধি, ছাত্র-নেতারা, আইনপ্রয়োগকারী সংস্থার প্রধান ও সচিব পর্যায়ের কর্মকর্তাদের মতামত গ্রহণ করা হয় এবং সেই মতামতের ভিত্তিতে একটি সিদ্ধান্ত গ্রহণের অব্যবহিত পূর্বেই হঠাৎ করে কমিটির কার্যক্রম বন্ধ হয়ে যায়।

বর্তমানে সারাদেশে অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ। এর মধ্যে দু'টি বিশ্ববিদ্যালয় ও দু'টি মেডিক্যাল কলেজও রয়েছে। প্রায় প্রতিদিনই কোনো না কোনো শিক্ষা প্রতিষ্ঠান সন্ত্রাসী ঘটনার কারণে বন্ধ হয়ে যাচ্ছে। শিক্ষাঙ্গনের এরূপ নৈরাজ্যকর অবস্থায় জাতীয় স্বার্থেই শিক্ষাঙ্গনে সন্ত্রাস সংক্রান্ত বিশেষ সংসদীয় কমিটির কার্যকর পুনরুজ্জীবন প্রয়োজন বলে কমিটির বিরোধী দলীয় সদস্যরা অভিমত প্রকাশ করেছেন। তোফায়েল আহমেদ, রাশেদ খান মেনন, মতিয়া চৌধুরী, ডঃ মিজানুল হক প্রমুখ বিরোধী দলীয় সাংসদ গতকাল এ সম্পর্কে জাতীয় সংসদের স্পীকারের কাছে যৌথভাবে একটি লিখিত আবেদনও পেশ করেছেন। আবেদনে তাঁরা অবিলম্বে শিক্ষাঙ্গনে সন্ত্রাস সম্পর্কিত বিশেষ সংসদীয় কমিটিকে অবিলম্বে কার্যকর করার আহবান জানিয়েছেন।